গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী
EIIN No-126487
Telephone: 02588855694, Fax: 02588855535, E-mail: rgwcollege@yahoo.com, rgwcollegerajshahi@gmail.com, website: www.rgwcollege.edu.bd

তারিখ: ১৫/০৫/২০২৫ খ্রি.

# কলেজ চত্বর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এই কলেজের শিক্ষার্থী, কর্মচারী ও সম্মানিত শিক্ষকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল বিভাগ, ক্লাশরুম, অফিস তথা সমগ্র কলেজ চত্বর পরিষ্কার ও সুন্দর রাখা আমাদের দায়িত্ব। এজন্য কলেজ প্রশাসন এবং সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক প্রচেষ্টায় পলিথিন ও আবর্জনামুক্ত পরিচ্ছন্ন-সুন্দর ক্যাম্পাস গড়ে তোলার চেষ্টা অব্যাহত আছে। এর মধ্যেও লক্ষ্য করা যাচ্ছে কলেজের বিভিন্ন স্থানে ময়লা ফেলা, খাবারের প্যাকেট, পলিথিন, বোতল ছড়িয়ে রাখা ইত্যাদি কারণে পরিবেশ দূষিত হচ্ছে এবং সৌন্দর্যহানি ঘটছে।

এই কারণে সকল শিক্ষার্থীকে নিম্নের বিষয়গুলো মেনে চলার জন্য নির্দেশ দেয়া হলো:

১. নির্ধারিত ডাস্টবিনে কাগজ, বোতল, পলিথিনসহ সকল ময়লা-আবর্জনা ফেলতে হবে।
২. কোনোভাবেই শ্রেণিকক্ষ, করিডোর বা মাঠে আবর্জনা ফেলা যাবে না।
৩. ক্যাম্পাসে খাওয়া-দাওয়ার পরে নিজ-নিজ এলাকা পরিষ্কার রাখতে হবে।

**বি. দ্র. সম্মানিত শিক্ষকবৃন্দকে শিক্ষার্থীদের উপরোক্ত বিষয়সমূহ পরিপালনে মনোযোগী হবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।**

পরিচ্ছন্ন পরিবেশ আমাদের স্বাস্থ্য ও মননশীলতার জন্য গুরুত্বপূর্ণ। আসুন সবাই মিলে আমাদের কলেজকে পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর ও সুন্দর রাখি।

১৫/৫/২৫
(মোঃ সারওয়ার জাহান)
অধ্যাপক (অর্থনীতি)
আইডি নং-৪৩৬৮
অধ্যক্ষ
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।